



একসঙ্গে ১০ ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ছুড়ল উত্তর কোরিয়া



ছবি: সংগৃহীত

আবারও ক্ষেপণাস্ত্র পরীক্ষা চালিয়েছে উত্তর কোরিয়া। এবার দেশটি পূর্ব সাগরের দিকে ১০টিরও বেশি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ছুড়েছে বলে জানিয়েছে দক্ষিণ কোরিয়া। দক্ষিণ কোরিয়ার সামরিক বাহিনীর শীর্ষ সমন্বয়কারী সংস্থা জয়েন্ট চিফস অব স্টাফ জানায়, স্থানীয় সময় শনিবার দুপুর প্রায় ১টা ২০ মিনিটে উত্তর কোরিয়ার সুনান অঞ্চল থেকে এসব অজ্ঞাত ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণ করা হয়। এগুলো পূর্ব সাগরের দিকে ছোড়া হয়েছে এবং তাৎক্ষণিকভাবে শনাক্ত করা হয়েছে। জাপানের সরকারি সম্প্রচারমাধ্যম এনএইচকে জানিয়েছে, উৎক্ষেপিত ক্ষেপণাস্ত্রগুলো সমুদ্রে গিয়ে পড়েছে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। ঘটনার পর দক্ষিণ কোরিয়া নজরদারি ও প্রতিরক্ষা সতর্কতা আরও জোরদার করেছে। একই সঙ্গে যুক্তরাষ্ট্র ও জাপানের সঙ্গে ঘনিষ্ঠ সমন্বয়ের মাধ্যমে তথ্য আদান-প্রদান ও প্রস্তুতি অব্যাহত রাখা হয়েছে। এদিকে জাপানের প্রধানমন্ত্রীর দপ্তরের ভেরিফায়েড এক্স অ্যাকাউন্ট থেকেও ক্ষেপণাস্ত্র নিক্ষেপের বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

LENS ASIA